# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২

## নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্রঃ মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/এ-১২(পার্ট-০১)/৫৮৩

তারিখঃ ২৫ ফাল্গুন ১৪৩১
১০ মার্চ ২০২৫

বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ শিক্ষকদের নিম্নলিখিত স্থায়ী পদ পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্র. নং | বিভাগের নাম | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ | সহকারী অধ্যাপক | ০১ টি |
| ০২. | ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগ | প্রভাষক<br>**(ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিষয়ে- ০৪ টি, আইন বিষয়ে- ০১টি)** | ০৫ টি |
| | | **মোট-** | ০৬ টি |

**বেতন স্কেল:**

সহকারী অধ্যাপক- ৩৫৫০০-৬৭০১০/-

প্রভাষক- ২২০০০-৫৩০৬০/-

**আবেদনের শর্তাবলীঃ**

* সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে নূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।
* আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রীপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।
* অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীদেরকে কোন বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা হবে না।
* সরকারি/আধা-সরকারি/সায়ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠান হতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরিকাল হিসাবে ঐ প্রতিষ্ঠানের চাকুরির অর্ধেক সময়কাল বিবেচনা করা যেতে পারে।
* উপরোক্ত পদের নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ এবং আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যক্তিগতভাবে অথবা www.mbstu.ac.bd ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানাসম্বলিত খাম পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।
* আবেদনকারীকে অবশ্যই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
* **"ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২"** এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা, সন্তোষ, টাঙ্গাইল এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ সোনালী ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে ৮০০/- (আটশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরত যোগ্য), প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, মার্কসীট/ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট, গবেষণামূলক প্রকাশনার কপি, অভিজ্ঞতার প্রমাণপত্র, জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি প্রত্যেক সেটের সাথে সংযুক্ত করতে হবে।
* চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
* **আগামী ১৬/০৪/২০২৫** এর মধ্যে ১০ (দশ) সেট আবেদন রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ বরাবর অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
* বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রী এবং সিজিপিএ এর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সমতা বিধানের Certificate আবেদনের সাথে জমা দিতে হবে।
* আবেদনে **স্থায়ী ও যোগাযোগের ঠিকানা এবং মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানা** স্পষ্টভাবে লিখতে হবে। মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানায় সাক্ষাতকারের বিষয়টি জানানো হবে।
* অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
* কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
* এ নিয়োগ বিজ্ঞপ্তি জারির কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে বাধ্য নন।
* **নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**
* **গত ২৫/০৫/২০২২ এবং ১৯/১২/২০২২ তারিখে প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগে যারা আবেদন করেছিলেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

১০/০৩/২৫

ড. মোহাঃ তৌহিদুল ইসলাম
রেজিস্ট্রার
মাভাবিপ্রবি।

# শিক্ষক পদে নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণঃ

(বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগ)

## সহকারী অধ্যাপক

১. প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার উভয়টিতে প্রথম বিভাগ/জিপিএ- ৫.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং জিপিএ- ৪.০০ স্কেলে ন্যূনতম জিপিএ- ৩.৫০ থাকতে হবে।
২. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।
৩. প্রার্থীদেরকে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।
৪. স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।
৫. এমফিল/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।
৬. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।
৭. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে; যার মধ্যে First Author/ Corresponding Author হিসাবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকতে হবে।

## প্রভাষক

১. প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার উভয়টিতে প্রথম বিভাগ/জিপিএ- ৫.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং জিপিএ- ৪.০০ স্কেলে ন্যূনতম জিপিএ- ৩.৫০ থাকতে হবে।
২. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।
৩. প্রার্থীদেরকে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

১০/৩/২০২৫

ড. মোহাঃ তৌহিদুল ইসলাম
রেজিস্ট্রার
মাভাবিপ্রবি।